যুগান্তর

তারিখ 13 JUL 2007
পৃষ্ঠা ১ কলাম ২

আধিপত্য বিস্তার

# চট্টগ্রাম কলেজ ছাত্রলীগের দু'গ্রুপে ধাওয়া-পাল্টাধাওয়া

**চট্টগ্রাম ব্যুরো**

আধিপত্য বিস্তার নিয়ে চট্টগ্রাম কলেজ ছাত্রলীগের দু'গ্রুপে ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটেছে। এ সময় ছাত্রলীগ কর্মীরা দা-কিরিচ ও আগ্নেয়াস্ত্র নিয়ে মহড়া দেয়। বুধবার বেলা ১১টার দিকে কলেজ ক্যাম্পাসে এ ঘটনা ঘটে। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

জানা যায়, কলেজ ছাত্রলীগের ওবায়েদ ও সম্রাট গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া হয়। দু'গ্রুপই নগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও চসিক মেয়র আ জ ম নাছিরের অনুসারী বলে পরিচিত। আগের দিনও এই দুই গ্রুপের মধ্যে হাতাহাতি হয়। এতে আনিসুর রহমান নামে এক ছাত্রলীগ কর্মী আহত হন। ওই ঘটনার জেরে বুধবার ধাওয়া-পাল্টাধাওয়া হয়। ঘটনার পর ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।

চকবাজার থানার ওসি নুরুল হুদা যুগান্তরকে বলেন, 'ওবায়েদ গ্রুপ ও সম্রাট গ্রুপের মধ্যে কথা কাটাকাটির

■ পৃষ্ঠা ১৪ : কলাম ৭

## চট্টগ্রাম কলেজ ছাত্রলীগের দু'গ্রুপে

(১ম পৃষ্ঠার পর)

জেরে ধাওয়া-পাল্টাধাওয়া হয়েছে। পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছে।'

এদিকে কলেজটি দখলে নেয়ার পর থেকেই ছাত্রলীগের বিভিন্ন গ্রুপ একক আধিপত্য প্রতিষ্ঠায় মরিয়া হয়ে উঠেছে। এর জের ধরে বছরজুড়ে সংঘাত-সংঘর্ষ লেগে আছে। বুধবারের ঘটনায় এক ছাত্রলীগ কর্মীকে প্রকাশ্যে আগ্নেয়াস্ত্র নিয়ে ক্যাম্পাসে অবস্থান করতে এবং মহড়া দিতে দেখা গেছে। ছাত্রলীগের এহেন কর্মকাণ্ডে সাধারণ ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাদের আতঙ্কের মধ্যে থাকতে হচ্ছে।